দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

64

# সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

সম্প্রতি সংস্থাপন মন্ত্রণালয় দেশের সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৯২৪টি সহকারী শিক্ষক- শিক্ষিকা পদে সরাসরি নিয়োগের বিষয়ে ছাড়পত্র প্রদান করেছে। অথচ নিয়োগের গেজেটে ৭৫৩ জন প্রার্থীর তালিকা প্রকাশিত হয়েছে। তাই গেজেটে অবশিষ্ট ১৭১ জন প্রার্থীর নাম না থাকায় স্বভাবতই প্রার্থীদের মনে নানা প্রশ্নের উদ্রেক হয়েছে।

শোনা যাচ্ছে যে, ১৭১ জন প্রার্থীকে পরে নিয়োগ দেয়া হবে। নিয়োগ পরে দেয়া হলেও এ ১৭১ জন প্রার্থীর ফলাফল প্রকাশ করলে প্রার্থীরা দুশ্চিন্তামুক্ত হতেন।

মৌখিক পরীক্ষার নম্বর ৬-এর পরিবর্তে ১৬ করায় জেলার সর্বোচ্চ পয়েন্ট অর্জনকারী অনেক মেধাবী প্রার্থী এবার নিয়োগ লাভে ব্যর্থ হয়েছেন যা আমাদের শিক্ষার জন্য একটি ক্ষতিকর ব্যাপার। লক্ষণীয় যে, বিজ্ঞান এবং কলা বিভাগের তুলনায় এবার বাণিজ্য বিভাগের খুব স্বল্পসংখ্যক শিক্ষক নিয়োগ লাভ করেছেন। তাছাড়া এবার প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের কোন অগ্রাধিকার দেয়া হয়নি। ফলে, নিয়োগকৃত প্রশিক্ষণবিহীন প্রার্থীদের প্রশিক্ষণ দেয়ার পেছনে সরকারের লাখ লাখ টাকা খরচ হবে এবং এক বছরের জন্য বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শিক্ষালাভও ব্যাহত হবে।

এ অবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কর্তৃপক্ষের কাছে আমাদের একান্ত আবেদন, অবশিষ্ট ১৭১ জন প্রার্থীর ফলাফল অবিলম্বে প্রকাশ করে প্রার্থীদের দুশ্চিন্তামুক্ত করুন।

সনজিৎ কুমার দত্ত
রোল নং বুথি-৪৬৮২
৪১৫, জগন্নাথ হল
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।